



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দরে ভিড়েছে দেশের সবচেয়ে বড় কয়লা চালানার জাহাজ

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু উদ্বোধন হওয়ায় দক্ষিণবঙ্গের যে কয়টি প্রতিষ্ঠানের কার্যক্রম বৃদ্ধি পেয়েছে তার মধ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ অন্যতম। পদ্মা সেতু চালু হওয়ার সাথে সাথেই এবন্দর দিয়ে রেডিমেইড গার্মেন্টস পন্যসহ বিভিন্ন পন্য রপ্তানি শুরু হয়েছে। বন্দর কর্তৃপক্ষ বন্দরের কার্যক্রমকে আরো গতিশীল করা লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে। তারই ধারাবাহিকতায় প্রথমবারের মতো কয়লার বড় চালান নিয়ে মোংলা বন্দরে ভিড়েছে লাইবেরিয়ান পতাকাবাহী জাহাজ ‘এম ভি মানা। গত ০৫ নভেম্বর লাইবেরিয়ান পতাকাবাহী এম.ভি মানা মাদার ভেসেলটি কাজী এন্টারপ্রাইজ এন্ড কাজী সোবাহান ট্রেড, রুপসা, খুলনার একটি প্রতিষ্ঠানের ৬০ হাজার ৫০০ মেট্রিকটন প্রাইভেট কয়লা নিয়ে ফেয়ার ওয়েতে এ্যাংকর করে। জাহাজটি ফেয়ারওয়েতে ৩১,৫০০ মেট্রিকটন কয়লা লাইটারের মাধ্যমে খালাস করে ড্রাফট কমিয়ে ২৯,০০০ মেট্রিকটন নিয়ে ০৮ তারিখ রাতে হারবারিয়া ৮ এ অবস্থান করে। এখন জাহাজটি হারবারিয়া ৪ এ শিফটিং হয়ে আসছে। আগামী ২/১ দিন পরে খালাস কার্যক্রম সম্পন্ন হলে মোংলা বন্দর ত্যাগ করবে। ইন্দোনেশিয়ার বোনটাং পোর্ট হতে কয়লা লোড করে গত ২৪ অক্টোবর ছেড়ে আসে মোংলা বন্দর এর উদ্দেশ্যে ছেড়ে এসেছে জাহাজটি।

স্বাক্ষরিত/-

মো: মাকরুজ্জামান (উপসচিব)